30

দৈনিক বাংলা

তারিখ 01 OCT 1992
পৃষ্ঠা ৫ কলাম ৫

# সন্ত্রাসমুক্ত কলেজকে ডিগ্রী প্রদানের ক্ষমতা দেয়ার চিন্তাভাবনা হচ্ছে ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেন, শিক্ষাঙ্গনের সন্ত্রাস বন্ধ হলে সরকার কিছু কলেজকে ডিগ্রী প্রদানের ক্ষমতা দেয়ার বিষয়ে চিন্তা করছে।

তিনি বুধবার ঢাকায় গার্হস্থ অর্থনীতি কলেজে সাংস্কৃতিক সপ্তাহের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। কলেজের অধ্যক্ষা সৈয়দা হালিমা রহমানের সভাপতিত্বে এ অনুষ্ঠানে শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান ও শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আবদুল্লাহ হারুন পাশা বক্তৃতা করেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার উচ্চ শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে বেসরকারী বিশ্ববিদ্যালয়, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বাস্তব পদক্ষেপ নিয়েছে। তিনি বলেন, জাতীয় উন্নয়নের জন্য সরকার নারী শিক্ষাকে বিশেষ গুরুত্ব দিয়েছে। তিনি বলেন, সরকার প্রতিভা বিকাশের লক্ষ্যে ছাত্রছাত্রীদেরকে শিক্ষার সম্ভাব্য সকল সুযোগ-সুবিধা দেবে।

বিশেষ অতিথির বক্তৃতায় শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, শিক্ষার মাধ্যমে প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার করে মানুষের কল্যাণ সাধন করতে হবে। তিনি সরকারের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কর্মসূচীকে সফল করে তোলার জন্য ছাত্র-শিক্ষকদের প্রতি আহবান জানান।

পরে মন্ত্রী বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।